

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/নির্দেশনা/২০২৫/ ২৫

তারিখঃ ৫/৩/২০২৫


বিষয়ঃ প্যাথলজিক্যাল ল্যাব এর জন্য জরুরী নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্যাথলজিক্যাল ল্যাব এর জন্য জরুরী নির্দেশনা সমূহ নিম্নে প্রদত্ত হলোঃ

- (১) প্যাথলজি ও রেডিওলজি রিপোর্টে প্রতিষ্ঠানের লাইসেন্সের জন্য আবেদনে উল্লিখিত প্যাথলজি বিশেষজ্ঞ/রেডিওলজি বিশেষজ্ঞ/মেডিকেল অফিসার এর নিজ হস্তে প্রদত্ত স্বাক্ষর থাকতে হবে।
- (২) প্যাথলজি ও রেডিওলজি রিপোর্টে ইলেকট্রনিক স্বাক্ষর/অনলাইন রিপোর্ট গ্রহণযোগ্য নয়।
- (৩) ট্রেড লাইসেন্সে উল্লিখিত ঠিকানা ছাড়া অন্য স্থাপনা হতে নমুনা সংগ্রহ/স্যাম্পল কালেকশান) করা যাবে না।
- (৪) Auto Generated রিপোর্ট Verify করে বিশেষজ্ঞ চিকিৎসকের স্বাক্ষরসহ রিপোর্ট করতে হবে।
- (৫) রিপোর্ট স্বাক্ষরকারী চিকিৎসকগণকে বিএমডিসি রেজিস্ট্রার্ড মেডিকেল গ্র্যাজুয়েট হতে হবে।
- (৬) Pathology Laboratory Machine এর নিয়মিত Calibration করে নিতে হবে।
- (৭) ল্যাব এ রেজিস্ট্রার মেইনটেইন করতে হবে। ল্যাব পরীক্ষার রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- (৮) ল্যাব এর বর্জ্য যথাযথভাবে অপসারণ করতে হবে।
- (৯) সকল যন্ত্রপাতি/রি-এজেন্ট এর ক্ষেত্রে Registration Guidelines For Medical Devices Bangladesh-2015 অনুসরণ করতে হবে।

এই আদেশ শুধুমাত্র বেসরকারী স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


(ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

কার্যার্থেঃ

- (১) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার এসোসিয়েশন।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/নির্দেশনা/২০২৫/

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক (সমন্বয়)
- ২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল)।
- ৪। সিভিল সার্জন (সকল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা(সকল)।

তারিখঃ

(ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২